

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 20 April, 2025

ঈদুল ফিতরের নয় দিনের উৎসবকালে দেশের জনগণকে যানজটমুক্ত মহাসড়ক এবং ন্যূনতম লোডশেডিং করায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস।

রোববার (২০ এপ্রিল) রাজধানীতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বিদ্যুৎ, জ্বালানি, সড়ক পরিবহন ও সেতু এবং রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠককালে তিনি এ অভিনন্দন জানান।

প্রধান উপদেষ্টার ডেপুটি প্রেস সেক্রেটারি অপূর্ব জাহাঙ্গীর এ তথ্য জানান।

বৈঠককালে প্রধান উপদেষ্টা বলেন, এবারের ঈদ নিয়ে এখন পর্যন্ত আমি শুধু প্রশংসাই শুনছি। সবাই বলছে সব কিছুই দারুণভাবে হয়েছে। এবার একটি মানদণ্ড তৈরি হয়েছে। এখন সময় হয়েছে এই মান ধরে রাখার এবং সারা বছর এভাবে কাজ চালিয়ে যাওয়ার।

সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান কর্মকর্তাদের এ টিমের নেতৃত্ব দেন।

তিনি প্রধান উপদেষ্টাকে জানান, কীভাবে ঈদের আগে থেকেই তারা প্রস্তুতি নিয়েছিলেন। আমরা আলাদা আলাদা মন্ত্রণালয় হিসেবে নয়, বরং একটি সমন্বিত ইউনিট হিসেবে কাজ করেছি।

তিনি উদাহরণ দিয়ে বলেন, সায়েদাবাদ বাস টার্মিনালে গিয়েছিলাম। সেটা ছিল নোংরা আর বিশৃঙ্খল। তাই পরিবেশ মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করি এবং সমস্যার সমাধান করি।

তিনি আরও জানান, ঈদের সময় কোনো কর্মকর্তা নিজ বাড়িতে যাননি, বরং মাঠে ছিলেন এবং নিশ্চিত করেছেন যে সবকিছু সঠিকভাবে চলছে।

তিনি আশা প্রকাশ করে বলেন, সবকিছু ঠিকঠাক চললে আসন্ন ঈদুল আজহায়ও ন্যূনতম লোডশেডিং এবং কোনো ধরনের যানজট থাকবে না। ইনশাআল্লাহ, ঈদুল আজহাও হবে একটি সুসংগঠিত উৎসব।

বৈঠকে আরও উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের বিশেষ সহকারী শেখ মহিউদ্দিন, বিদ্যুৎ বিভাগ সচিব ফারজানা মমতাজ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ সাইফুল ইসলাম প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:53

URL: <https://timestodaybd.com/national/1131741480>